

দুর্নীতি দমন কমিশন  
প্রধান কার্যালয়  
ঢাকা  
www.acc.org.bd

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০২.২০২২-২৬৮৭০

তারিখ: ১৬ আষাঢ়, ১৪৩১  
২৭ জুন, ২০২৪


প্রজ্ঞাপন

দুর্নীতি দমন কমিশনের শূন্য পদের বিপরীতে নিম্নলিখিত ব্যক্তিকে নিম্নপ্রদত্ত শর্ত সাপেক্ষে 'জাতীয় বেতন স্কেল, ২০১৫' এর ১০ম গ্রেডে দুর্নীতি দমন কমিশনের 'কোর্ট পরিদর্শক' পদে নিয়োগ প্রদান করা হলো:

মেধাক্রম	রোল নম্বর	নাম ও পিতার নাম	নিজ জেলা
১৮	১১০২৭৯৮৪	মোঃ ইব্রাহিম হোসেন, পিতা- মোঃ আব্দুল্লাহ	সাতক্ষীরা

শর্তাবলী:

- (ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;
  - (খ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(১)(ক) বিধি অনুযায়ী নিয়োগপ্রাপ্ত কর্মচারী নিয়োগের তারিখ হতে ০২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিস হিসেবে থাকবেন;
  - (গ) শিক্ষানবিসকালীন দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(২)(ক) এবং ৫৪ (১) ধারা অনুযায়ী কমিশন যে কোন শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাতে পারবে;
  - (ঘ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৭(৩) বিধি অনুযায়ী শিক্ষানবিসকালে সন্তোষজনকভাবে দায়িত্ব পালনে সরকার ও কমিশন কর্তৃক সময় সময় জারিকৃত অন্যান্য শর্তাবলী পূরণ ও কর্তৃপক্ষের সন্তুষ্টি সাপেক্ষে কমিশনের বিধি মোতাবেক চাকরি স্থায়ী করা হবে;
  - (ঙ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে কমিশন/সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং কমিশন/সরকার কর্তৃক নির্ধারিত বিধি-বিধান দ্বারা তার চাকরি সম্পর্কিত বিষয়াদি নিয়ন্ত্রিত হবে;
  - (চ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ৩৮(৬) বিধি অনুযায়ী যোগদানের ০৭(সাত) দিনের মধ্যে নির্দিষ্ট ফরমে নিজ এবং পরিবারের সদস্যগণের সম্পদ বিবরণী কমিশনের সচিব বরাবর দাখিল করতে হবে (সম্পদ বিবরণীর ফরম নিয়োগপত্রের সাথে সংযুক্ত করা হলো);
  - (ছ) দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকুরী বিধিমালা, ২০০৮-এর ১৬ বিধি অনুযায়ী জ্যেষ্ঠতা নির্ধারণ করা হবে;
  - (জ) যোগদানের পূর্বে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড দ্বারা স্বাস্থ্যগত উপযুক্ততার সনদ সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে (স্বাস্থ্য পরীক্ষার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করার পরামর্শ দেওয়া গেল)।
  - (ঝ) দাখিলকৃত সকল শিক্ষাগত যোগ্যতার সনদসহ অন্যান্য সনদের সত্যতা যাচাই করে সন্তোষজনক পাওয়া না গেলে কিংবা ভুয়া বলে প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
  - (ঞ) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ২। উপর্যুক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৬/০৭/২০২৪ তারিখ সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০ বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে।
- ৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

  
২৭/০৬/২০২৪  
খোরশেদা ইয়াসমীন  
সচিব


ফোন: ০২-৫৮৩১৬২০৭  
E-mail: [secretary@acc.org.bd](mailto:secretary@acc.org.bd)

নং ০৪.০১.০০০০.১০৪.৭২.০০২.২০২২- ২৬০৭০(২০)

তারিখ: ২৬ আষাঢ়, ১৪৩১  
২৭ জুন, ২০২৪

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ড গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৬. পরিচালক, দুর্নীতি দমন কমিশন (সকল)।
৭. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় মুদ্রণের অনুরোধসহ)।
৮. মাননীয় চেয়ারম্যানের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় চেয়ারম্যান এর সানুগ্রহ অবগতির জন্য)।
৯. মাননীয় কমিশনার (তদন্ত/অনুসন্ধান) এর একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, ঢাকা (মাননীয় কমিশনার এর সানুগ্রহ অবগতির জন্য)।
১০. সচিবের একান্ত সচিব, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপপরিচালক (অর্থ, হিসাব ও নিরীক্ষা/প্রশাসন/মানবসম্পদ), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মন্ত্রিপরিষদ বিভাগ, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. প্রোগ্রামার, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা (নিয়োগপত্রটি কমিশনের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪. জনসংযোগ কর্মকর্তা, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫. সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
১৬. জনাব .....

  
২৭.০৬.২০২৪  
মোহাম্মদ মনিরুজ্জামান বকাউল  
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)  
ফোন: ০২-২২২২২১১৬৫  
E-mail: d.admin@acc.org.bd